দৈনিক সংবাদ

তারিখ 27 NOV 1994
পৃষ্ঠা ৫ কলাম ৬

০৪

শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী

# গম আত্মসাতের অভিযোগ

সাঁথিয়া (পাবনা), ২৬শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– ফরিদপুর থানায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম বিক্রি করে লাখ লাখ টাকা আত্মসাৎ করার অভিযোগ পাওয়া গেছে।

বিএল বাড়ি ইউনিয়নের একমাত্র জন্তিহার এবতেদায়ী মাদ্রাসায় রয়েছে মাত্র ২৫ জন ছাত্র। অথচ কার্ড অনুমোদন দেয়া হয়েছে ১শ' ৯৬টি। প্রায় ১ বছর যাবৎ এই অতিরিক্ত কার্ডের গম উঠিয়ে (প্রতিকার্ড পিছু ১৫ কেজি) প্রায় সোয়া দু' লাখ টাকা আত্মসাৎ করা হয়েছে। মাদ্রাসার সুপারিনটেনডেন্ট, ম্যানেজিং কমিটির সদস্যগণ, জনৈক নেতার সহায়তায় এই অতিরিক্ত ছাত্র দেখায়। বিষয়টি থানা নির্বাহী কর্মকর্তার নজরে থাকলেও রাজনৈতিক নেতৃবৃন্দের চাপে কিছু করতে পারছেন না।

এলাকাবাসী জেলা প্রশাসক বরাবর বিষয়টি অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেছে।